জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭'তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সিরাজগঞ্জে আনন্দ শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত

লেখক: প্রকাশক | প্রকাশিত: 10 October 2026, 05:36 PM | বিভাগ: সারাদেশ

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের হাতে গড়া অঙ্গ সংগঠন, জাতীয়তাবাদী ওলামাদলের ৪৭ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সিরাজগঞ্জে

আনন্দ শোভাযাত্রা,আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বেলা ১১ টায় ইবি রোডস্থ সিরাজগঞ্জ জেলা বিএনপি কার্যালয়ে, বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দল কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির সদস্য, রাজশাহী বিভাগীয় সাংগঠনিক টিমের সদস্য ও সিরাজগঞ্জ জেলা ওলামা দলের আহ্বায়ক হাফেজ মাওলানা মোঃ আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে ও রাজশাহী বিভাগীয় সাংগঠনিক টিমের সদস্য, সিরাজগঞ্জ জেলা ওলামা দলের সদস্য সচিব হাফেজ মাওলানা মোঃ নুরনবী হোসাইনীর সঞ্চালনায় আনন্দ শোভাযাত্রা, আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন,বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দল কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির সদস্য, রাজশাহী

বিভাগীয় ওলামা দলের সাংগঠনিক টিমের সদস্য সচিব ও সিরাজগঞ্জ জেলা বিএনপির সহ-দফতর সম্পাদক সাংবাদিক মোঃ এনামুল হক।

প্রধান অতিথির বক্তব্যে মোঃ এনামুল হক বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান আলেমে ওলামাদের ঐক্যবদ্ধ ও আলেমে ওলামাদের কল্যানে কাজ করার জন্য ওলামা দল প্রতিষ্ঠিত করেছিলেন। ওলামা দল প্রতিষ্ঠিত হওয়ার পর থেকেই দেশের সকল সংকটে বিএনপির নেতৃত্বে আলেমে ওলামাদের সাথে নিয়ে ওলামা দল রাজপথে সক্রিয় ভূমিকা রেখেছে। তিনি আরও বলেন, বিগত সতেরো বছরে ফ্যাসিষ্ট আওয়ামী লীগ সরকারের আমলে সবচেয়ে বেশি নির্যাতিত হয়েছে আলেমে ওলামারা। আলেমে ওলামাদের উপর অমানবিক, অমানুষিক নির্যাতন করা হয়েছে। পাখির মতো গুলি করে হত্যা করা হয়েছে আলেমে ওলামাদের।

বর্তমান তারেক রহমান এর সরকার আলেমে ওলামা বান্ধব। আলেমদের কথা বলতে আর কোনো বাধা নেই। বর্তমান সরকারের উন্নয়ন কর্মকাণ্ডে ঈর্ষান্বিত হয়ে ফ্যাসিষ্ট আওয়ামী লীগ ও জামায়াতে ইসলামী নানা ষড়যন্ত্রে মেতে উঠেছে সকল ষড়যন্ত্র আলেমে ওলামাদের সাথে নিয়ে জাতীয়তাবাদী ওলামা দল মোকাবিলা করবে ইনশাআল্লাহ।

বক্তব্য রাখেন , সিরাজগঞ্জ জেলা ওলামা দলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক জহুরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক লতিকুল ইসলাম লেলিন,মাওলানা টিএম শরিফ উদ্দিন জামিল, যুগ্ম আহ্বায়ক ও সদর উপজেলা ওলামা দলের আহ্বায়ক হাফেজ মাওলানা মোঃ জুবায়ের হোসেন জুয়েল, সদস্য সচিব মুন্সি হাবিবুল বাশার ইমন, সিরাজগঞ্জ পৌর ওলামা দলের সদস্য সচিব সজীব,কাজিপুর উপজেলা ওলামা দলের সভাপতি আলহাজ্ব মোঃ আবু বকর সিদ্দিকি,সাধারণ সম্পাদক আলহাজ্ব মোঃ মজনু মিয়া, শাহজাদপুর উপজেলা ওলামা দলের সভাপতি অধ্যাপক মাওলানা মোঃ আব্দুস সালাম,সাধারন সম্পাদক হাফেজ মাওলানা মোঃ স্বপন ওয়ারসী,শাহজাদপুর পৌর ওলামা দলের সভাপতি হাফেজ মাওলানা মোঃ শফিকুল ইসলাম, উল্লাপাড়া উপজেলা ওলামা দলের আহ্বায়ক আব্দুল হান্নান,তাড়াশ উপজেলা ওলামা দলের আহ্বায়ক মাওলানা মোঃ মুত্তাকিম বিল্লাহ,সদস্য সচিব মুফতি মাওলানা মোঃ নাসির উদ্দীন, রায়গঞ্জ উপজেলা ওলামা দলের আহ্বায়ক মুফতি মাওলানা মোঃ আব্দুল মান্নান, সদস্য সচিব হাফেজ মাওলানা মোঃ জাকারিয়া হোসেন প্রমুখ।

এ-সময় সিরাজগঞ্জ জেলা ওলামা দলের ১৮ টি ইউনিটের বিপুল সংখ্যক নেতা কর্মী উপস্থিত ছিলেন।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।